# ঢাকা-১৮ আসনে নির্বাচন না করার ঘোষণা দিলেন নাগরিক ঐক্যের মান্না



মাহমুদুর রহমান মান্না। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৮ আসন থেকে সরে দাঁড়ানোর কথা জানিয়েছেন নাগরিক ঐক্যের সভাপতি ও প্রার্থী মাহমুদুর রহমান মান্না।

রোববার (৮ ফেব্রুয়ারি) গভীর রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ ঘোষণা দেন। বর্তমানে তিনি বগুড়ায় অবস্থান করছেন।

পোস্টে মান্না জানান, বিশেষ পরিস্থিতিতে তিনি ঢাকা-১৮ ও বগুড়া-২—এই দুই আসন থেকেই নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। তবে ঢাকা-১৮ আসনের ভৌগোলিক বিস্তৃতি, একাধিক থানা ও বিপুল সংখ্যক ভোটার থাকায় নির্বাচন পরিচালনার ব্যয় অনেক বেশি। এই ব্যয়ভার বহন করা তার পক্ষে সম্ভব নয় বলেই তিনি সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন।

নিজের সিদ্ধান্তে কেউ কষ্ট পেলে দুঃখ প্রকাশও করেন তিনি।

LENS ASIA